# বর্ধমান জিলা পরিষদ

## কারিগরি বিভাগ

### কোর্ট কম্পাউন্ড, পোঃ ও জেলা - বর্ধমান (পিন-৭১৩১০১)

## ফেরী ইজেরার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর করা খামে)

স্মারক সংখ্যা ঃ- ডি.ই./ফেরী / ১৬৩ তারিখ ঃ- ১৬/02/১৬

এতদ্বারা সর্বসাধারনকে অবগত করা যাইতেছে যে, বর্ধমান জিলা পরিষদের অধীন কাটোয়া /কালনা/ সদর /দুর্গাপুর মহকুমা এলাকায় নিম্নলিখিত ফেরীঘাট সমূহের জন্য সিল মোহর করা খামে এক বছরের জন্য (১ লা এপ্রিল ২০১৬ হইতে ৩১ শে মার্চ ২০১৭) দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র নিম্নলিখিত তারিখ, সময় সূচী অনুযায়ী জিলা বাস্তুকার, বর্ধমান জেলা পরিষদ এর অফিসে নির্দিষ্ট বাক্সে জমা দিতে হইবে।দরপত্র নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলা কালীন যে কোন দিনও জমা দেওয়া যেতে পারে।

ইচ্ছুক ব্যক্তিগণকে দরপত্র জমা দিবার পূর্বে ঘাটের অবস্থান, নদীর প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে।পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। প্রতিটি ফেরী ঘাটের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ করে নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১ ভোট দেবার পরিচয় পত্রের নকল।

২ নির্দিষ্ট **জামিন জমার অর্থ,** ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে জিলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ -এর অনুকূলে, বর্ধমান শহরের কোন সিডিউল ব্যাঙ্ক এর উপর প্রদেয় হইতে হইবে। (Earnest money through Bank Draft /Pay order will be **in favour of District Engineer , Zilla Parishad, Burdwan, payable at Burdwan**)

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ দরপত্র খোলার দিনই অর্থাৎ ১লা মার্চ মঙ্গলবার তারিখে নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট এর মাধ্যমে বর্ধমান জিলা পরিষদ এর নামে জমা দিতে হইবে এবং বর্ধমান জিলা পরিষদের কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সাত দিনের মধ্যে ফেরী মাশুলের হারের তালিকা সহ কুবলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ লেখা পড়া করিয়া রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় বন্দোবস্ত বাতিল বলিয়া গন্য হইবে।

অসফলকারী ডাকদাতাগনের জামিন জমার টাকা জিলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি / সংস্থা পূর্বে জিলা পরিষদের দেওয়া টাকা পরিষোধ করেন নাই বা জিলা পরিয়দের শর্তানুযায়ী ঘাট ঠিকমত চালাইতে পারেন নাই তাহাদের দেওয়া দরপত্র গ্রহণ করা হইবে না । ফেরী মাসুলের হারের তালিকা ও চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহণ করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহণ করিতে বাধ্য নহেন। এই বিজ্ঞপ্তির প্রচারিত হইবার পরও অনিবার্য্য কারনে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া প্রকাশিত যে কোন ফেরী ঘাটের বা সমস্ত ফেরীঘাট গুলির দরপত্র বাতিল করিবার/অনুমোদন করিবার অধিকার ও সংরক্ষিত রাখিতেছেন।

| ক্রমিক সংখ্যা | ফেরী ঘাটের নাম | মহকুমার নাম | দরপত্র জমা দিবার স্থান | সিল মোহর করা খামে সমস্ত তথ্য সহ দরপত্র জমা দেওয়ার শেষ সময় ও তারিখ | জামিন জমারপরিমান (টাকা) | ডাকের সর্বনিম্ন পরিমান (টাকা) | দরপত্র খোলার তারিখ এবং সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | বেগুনকোলা | কাটোয়া | জেলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ | সময় – ২.০০ ঘটিকা এবং তারিখ – ০১/০৩/২০১৬ (মঙ্গলবার) | ৩০০/- | ১,৫০০/- | ২.৩০ ঘটিকা, তারিখ – ০১/০৩/২০১৬ (মঙ্গলবার) |
| ২. | চরকমলনগর | কালনা | | | ১০০/- | ৫০০/- | |
| ৩. | হাটকলনা | | | | ১০০/- | ৫০০/- | |
| ৪. | মালতিপুর | | | | ১০০/- | ৫০০/- | |
| ৫. | নসরৎপুর | | | | ৫০,০০০/- | ১২,৮০,০০০/- | |
| ৬. | জালুই ডাঙ্গা | | | | ১,০০০/- | ১১,০০০/- | |
| ৭. | একলক্ষী | বর্ধমান সদর ও দুর্গাপুর | | | ১০,০০০/- | ১,০০,০০০/- | |
| ৮. | কূলপাড়া | | | | ৩,০০০/- | ২৫,০০০/- | |

১৬/০২/২০১৬

জেলা বাস্তুকার
বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা ঃ- ডি.ই/ফেরী / ৯৬৩/৯০০ তারিখ ১৬/02/১৬

প্রতিলিপি মাননীয় সভাধিপতি/নির্বাহী আধিকারীক/কর্মাধ্যক্ষ, পূর্তকার্য ও পরিবহন স্থায়ী সমিতি/অতিরিক্ত নির্বাহী আধিকারীক/অর্থ নিয়ামক ও মূখ্য হিসাব আধিকারীক/সচিব, বর্ধমান জিলা পরিষদ/মহকুমা শাসক (সকল)/সভাপতি (সকল পঞ্চায়েত সমিতি)/বি.ডি.ও. (সকল পঞ্চায়েত সমিতি)/নির্বাহী বাস্তুকার, পশ্চিমবঙ্গ গ্রামীন উন্নয়ন সংস্থা/সহ বাস্তুকার (সকল)/অবর সহ বাস্তুকার (সকল)/ জেলা তথ্য বিশ্লেষক, বর্ধমান জিলা পরিষদ এর অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্ররিত হইল।

১৬/০২/২০১৬

জেলা বাস্তুকার
বর্ধমান জিলা পরিষদ